

বিশ্বের প্রধান প্রধান ধর্ম সমূহ

ইসলাম ধর্ম

ইসলাম ধর্ম মতে আল্লাহ এক এবং অদ্বিতীয়। ইসলাম ধর্মের সর্বশেষ নবী ও রসূল হলেন হযরত মুহাম্মদ (সঃ)। তিনি ৫৭০ খ্রিস্টাব্দে ১২ রবিউল আউয়াল মক্কার কুরাইশ বংশে জন্মগ্রহণ করেন। তার পিতার নাম আব্দুল্লাহ এবং মাতার নাম আমিনা। মহানবী (সঃ) এর জন্মের পূর্বে তার পিতা মারা যান। ৪০ বছর বয়সে মুহাম্মদ (সঃ) নবুওয়াত লাভ করেন। নবুওয়াত লাভের সময় তিনি হেরা গুহায় ধ্যানমগ্ন অবস্থায় ছিলেন। তাঁর উপরে পবিত্র কুরআন নাযিল হয়। মক্কার ইসলাম প্রচারের সময় তিনি পৌত্তলিকদের বিরাগভাজন হন। অবশেষে ৬২২ খ্রিস্টাব্দে তিনি ও তাঁর সাহাবীরা মক্কা থেকে মদিনায় হিজরত করেন। মক্কার পৌত্তলিকদের সাথে মুসলমানদের বিভিন্ন সময়ে বিভিন্ন যুদ্ধ হয়; এগুলো হলো- বদর, উহুদ, খন্দক ইত্যাদি। ৬৩০ খ্রিস্টাব্দে তিনি মক্কা বিজয় করেন।

ইসলাম ধর্ম সম্পর্কিত বিবিধ তথ্য

- পবিত্র কুরআনে মোট সূরার সংখ্যা ১১৪ টি। এদের মাক্কী সূরা- ৮৬টি এবং মাদানী সূরা ২৮ টি।
- মহানবী (সঃ) এর কর্ম কথা আচার-আচরণের সংগঠনকে হাদীস বলে।
- খোলাফায় রাশেদীনের চারজন সাহাবী হলেন- হযরত আবু বকর (রা), হযরত ওমর (রাঃ) , হযরত উসমান (রাঃ) , হযরত আলী (রাঃ)।
- হিজরতের সময় থেকেই হিজরী সাল গণনা শুরু হয়।
- মুসলমানদের পবিত্র স্থান হল মক্কা, মদিনা এবং জেরুজালেম।
- মুসলমানদের উপাসনালয়ের স্থানকে মসজিদ বলা হয়।
- শবে কদরের রাতে পবিত্র কুরআন শরীফ নাযিল হয়।

- ইসলামের দ্বিতীয় খলিফা হযরত ওমর (রাঃ) এর আমলে হিজরী সাল গণনা শুরু হয়।
- ইসলামের তৃতীয় খলিফা হযরত উসমান (রাঃ) কে “জামিউল কুরআন” বা “কুরআন সংকলক” বলা হয়।
- ইসলামের প্রথম রাজধানী হল মদিনা।
- “আমিরুল মুমিনীন” বলা হয় হযরত ওমর (রাঃ) কে।
- “ইসলামের পঞ্চম খলিফা” নামে পরিচিত উমাইয়া খলিফা হযরত ওমর বিন আব্দুল আজিজ।
- মুসলমানদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব হলো দুইটি- ঈদুল ফিতর এবং ঈদুল আযহা।

হিন্দু ধর্ম

হিন্দু ধর্ম বা সনাতন ধর্মকে বিশ্বের প্রাচীনতম ধর্ম হিসেবে বিবেচনা করা হয়। হিন্দু শব্দটি ফারসি ভাষা হতে আগত। এই ধর্মমতের প্রবর্তক কিংবা কোন শুরুর দিন নেই বলে একে সনাতন ধর্ম বলা হয়। বর্ণ-প্রথা অনুসারে হিন্দু ধর্মের চারটি বর্ণ রয়েছে; এগুলো হলো- ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র। এদের মধ্যে ব্রাহ্মণ সম্প্রদায়ের কাজ হলো ধর্ম দীক্ষা এবং পূজা-অর্চনা করা। ক্ষত্রিয় দের কাজ হল দেশ রক্ষায় নিয়োজিত থাকা। বৈশ্যরা ব্যবসা-বাণিজ্য এবং শূদ্ররা কায়িক শ্রম করে থাকে। হিন্দু ধর্মের প্রধান ধর্মগ্রন্থের নাম হল বেদ। বেদের চারটি খন্ড রয়েছে; যথা- ঋকবেদ, যজুর্বেদ, সামবেদ এবং অথর্ব। হিন্দু ধর্মের অন্যান্য ধর্মগ্রন্থ গুলো- মহাভারত, রামায়ণ, উপনিষদ, শ্রীমদ্ভগবদগীতা ইত্যাদি। হিন্দুদের পবিত্র স্থানগুলো হলো- কাশী, গয়া, বৃন্দাবন ইত্যাদি। হিন্দু ধর্মের প্রধান তিনটি দেবতা হচ্ছে- ব্রহ্মা, বিষ্ণু এবং শিব। হিন্দুদের প্রধান প্রধান ধর্মীয় উৎসব গুলোর মধ্যে দুর্গাপূজা, কালীপূজা, সরস্বতী পূজা, দীপাবলি ইত্যাদি উল্লেখযোগ্য।

বৌদ্ধ ধর্ম

বৌদ্ধ ধর্মের প্রচারক গৌতম বুদ্ধ। তিনি নেপালের কপিলাবস্তুতে জন্মগ্রহণ করেন। শাক্য বংশে জন্মগ্রহণ করেন বলে তার ডাকনাম ছিল সিদ্ধার্থ। মাত্র ২৯ বছর বয়সে গৌতম বুদ্ধ গৃহত্যাগ করে অশ্বথ গাছের নিচে ধ্যানমগ্ন

হন। এমন সময় তিনি “সম্বোধি” জ্ঞান লাভ করেন। যে গাছটির নিচে বসে গৌতম বুদ্ধ “সম্বোধি” লাভ করেছিলেন, সেই গাছটিকে “বোধিবৃক্ষ” বলা হয়। বৌদ্ধধর্মে গৌতম বুদ্ধ চারটি সত্যের সন্ধান পেয়েছেন- দুঃখ, দুঃখের কারণ, দুঃখ নিরোধ এবং দুঃখ নিরোধের উপায়। তিনি মানুষকে পঞ্চশীল পালনের উপদেশ দিয়েছিলেন। এগুলোর মধ্যে অন্তর্ভুক্ত হলো- জীব হত্যা করা, চুরি না করা, মিথ্যা থেকে বিরত থাকা, মিথ্যা কামাচারে বশীভূত না হওয়া এবং মদ্যাসক্ত না হওয়া। বৌদ্ধদের প্রধান ধর্মগ্রন্থের নাম ত্রিপিটক। এটি পালি ভাষায় রচিত। বুদ্ধগয়া, সারনাথ ইত্যাদি তাদের পূণ্যস্থান। বুদ্ধ পূর্ণিমা, মাঘী পূর্ণিমা, গৌতম বুদ্ধের জন্মদিন ইত্যাদি বৌদ্ধদের প্রধান ধর্মীয় উৎসবসমূহ।

খ্রিস্টধর্ম

খ্রিস্ট ধর্মের প্রবর্তক হলেন যীশু খ্রীষ্ট। তিনি প্যালেস্টাইন বেথেলহামে জন্মগ্রহণ করেন। খ্রিস্ট ধর্মের প্রধান ধর্মগ্রন্থ হলো বাইবেল। বাইবেলকে **নিউ টেস্টামেন্ট**- ও বলা হয়। খ্রিস্টান ধর্মালম্বীরা মূলত চারটি ধারায় বিভক্ত। এগুলো হলো- ক্যাথলিক, প্রোটেস্ট্যান্ট, ইস্টার্ন অর্থোডক্স ও ওরিয়েন্টাল অর্থোডক্স। ভ্যাটিকান সিটি হল খৃষ্টানদের ধর্মরাজ্য। বর্তমান খ্রিস্টান ক্যাথলিক চার্চের প্রধান হলেন পোপ দ্বিতীয় ফ্রান্সিস। ভ্যাটিকান সিটিতে পোপের নিরাপত্তা বিধান করে সুইস গার্ড। খ্রিস্টানদের প্রধান ধর্মীয় উৎসবগুলো হল- ক্রিসমাস, ইস্টার সানডে, গুড ফ্রাইডে ইত্যাদি। তাঁদের পবিত্র নগরী জেরুজালেম এবং পবিত্র নদী হল জর্ডান নদী।

জৈন ধর্ম

জৈন ধর্ম ভারতের বিহারে উৎপত্তি লাভ করে। জৈন ধর্মের ধর্মগুরু হলেন তীর্থঙ্কর। জৈন ধর্ম দুটি ধারায় বিভক্ত- স্বেতাস্বর ও দিগম্বর। জৈন ধর্মের কোনো সুনির্দিষ্ট ধর্মগ্রন্থ নেই।

ইহুদি ধর্ম

ইহুদি ধর্ম একটি একেশ্বরবাদী ধর্ম। ইহুদিদের পবিত্র উপাসনালয় জেরুজালেমে অবস্থিত। ইহুদিদের ধর্মগ্রন্থ তাওরাত অনুযায়ী ইহুদী জাতির

আদি পিতা হযরত ইব্রাহিম (আ) । পরবর্তীতে তাঁর বংশধরেরা বনী ইসরাইল নামে পরিচিত হয়। ইসরাইলিরা মিশরে বসবাস করতেন। ইহুদি ধর্মের প্রচারক হযরত মুসা (আ)। ইহুদিরা শনিবার দিন প্রভুর উপাসনা ও আরাধনা করে। এদিনকে “সাবাথ” বলা হয়। ইহুদিদের ধর্মগ্রন্থের নাম “ওল্ড টেস্টামেন্ট”। ইহুদিদের উপাসনালায়ে সিনাগগ বলে ।

শিখ ধর্ম

“শিখ” শব্দটির উৎপত্তি হয় পাঞ্জাবি ভাষা থেকে। শিখদের পবিত্র ধর্মগ্রন্থের নাম “গ্রন্থসাহেব”। শিখদের উপাসনাগার বিখ্যাত স্বর্ণমন্দির পাঞ্জাবের অমৃতসরে অবস্থিত। শিখ ধর্মের প্রবর্তক হলেন গুরু নানক। শিখদের উপাসনালায়ের নাম গুরুদুয়ারা । শিখ পুরুষদের নামের পদবী হল সিং এবং মহিলাদের নামের পদবী হল কাউর ।